The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 846 | 29 November 2024 | শুক্রবার ১৪ অগ্রহায়ন ১৪৩১


Trump team eyes quick rollback of Biden student debt relief
>> Page 18


González-Rojas bill passes to continue healthcare coverage for children under six
>> Page 19


NYC hiring for positions with salaries starting at $100K
>> Page 18


Tarique urged the party men to remain vigilant against the conspiracies
>> Page 19

# বাংলাদেশ এখন অরাজকতার আগ্নেয়গিরি

মনোয়ারুল ইসলাম


'ব্যর্থতার দায় সরকারের'


'সরকার পক্ষই দায়ি'


'ভারতে বসে হাসিনার ষড়যন্ত্র'


'পতিতদের স্বপ্নদোষ'

অরাজকতার তাণ্ডব চলছে। ষড়যন্ত্রকারিদের উল্লাস। লুটের কোটি কোটি টাকায় অন্তর্বর্তীকালীন সরকার উৎখাতের মহড়া। পতিতদের মুচকি হাসি। জুলাই আগষ্ট বিপ্লবীদের অনৈক্যের সানাই। সাম্প্রদায়িকতার বিষ বাষ্প ছড়িয়ে ওপাড় থেকে আশীবাদ নেবার আকংখা আর কত কি। ব্যর্থ রাষ্ট্র, মেরুদন্ডহীন সরকার রুপায়নে নানামুখি ষড়যন্ত্র চলছে। সেটা চলছে আন্দোলনে সহযোগী গোষ্টীর ভেতর থেকে। পতিত সরকারের ইন্ধনে। সুবিধাভোগী প্রতিবেশি রাষ্ট্র থেকেও। এই অরাজকতার চরিত্রটাই অনেককে ভাবিয়ে তুলেছে। কখনো তা আসছে আনসার আন্দোলন, রিকশাওয়ালাদের আন্দোলন, বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার আন্দোলন, ইসকন ও হিন্দু-খ্রিষ্টানদের উপর নির্যাতনের নামে। ১৭টি বছর ফ্যাসিবাদ জনতার কাঁধে চেপেছিল। সভা সমাবেশ করার অধিকার ছিল না। কোন দাবি দাওয়া তুললেই রাজাকার, বিএনপি ও স্বাধীনতা বিরোধীর তকমা লাগিয়ে দেয়া হতো। নির্বাচন ব্যবস্থাকে আস্তাকুঁড়ে নিক্ষেপ করা হয়েছিল। সংসদের অর্ধেকের বেশি এমপি বিনা ভোটে নির্বাচিত, দিনের ভোট রাতে করানোর সংস্কৃতি চালু করেছিলেন।আর কথায় কথায় ক্ষমতার দাপট ও অহমবোধে জনগন নির্বাক হয়ে পড়েছিল। এক ব্যক্তির ইশারায় রাষ্ট্রযন্ত্রের সবকিছু নিয়ন্ত্রিত হতো। গনতান্ত্রিক রাজনীতির এরপর ৩৫ পৃষ্ঠায়




# হুমকির মুখে সিডিপিএপি

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক সিটির নতুন নিয়মের মার প্যাচে হুমকির মুখে পড়েছে বিশেষ ধরনের হোম কেয়ার সেবা বা পরিচিত কনজ্যুমার ডাইরেক্টেড পারসোনাল অ্যাসিসটেন্ট প্রোগ্রামের (সিডিপিএপি) সেবা। এর ফলে সিডিপিএপি সেবা গ্রহীতারা জটিলায় পড়বে। শুধুমাত্র সিডিপিএপি সেবা দেয় এমন শত-শত প্রতিষ্ঠান বন্ধ হওয়ার এরপর ৫৬ পৃষ্ঠায়

## জাতীয় ঐক্য গড়তে বিএনপি জামায়াত ঐকমত্য

আজকাল রিপোর্ট

দেশ ও জাতির বৃহত্তর স্বার্থে জাতীয় ঐক্য সৃষ্টির ব্যাপারে বিএনপি যে দাবি জানিয়েছে, তার সঙ্গে একমত পোষণ করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামীও। ২৮ নভেম্বর বৃহস্পতিবার সন্ধ্যায় অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এ কথা বলেন দলটির আমির ডা. শফিকুর রহমান।

এর আগে জামায়াতে ইসলামীর আমিরের নেতৃত্বে দলটির চার নেতা প্রধান উপদেষ্টার সঙ্গে তার বাসভবন যমুনায় বৈঠক করেন।

ডা. শফিকুর রহমান বলেন, প্রধান উপদেষ্টার সঙ্গে জাতীয় ইস্যুতে ঐক্যবদ্ধ এরপর ৩৫ পৃষ্ঠায়

GOLDEN AGE HOME CARE

## ট্রান্সফার হওয়া গ্রাহকদের জন্য গোল্ডেন এজের ফ্রি প্রশিক্ষণ

আজকাল রিপোর্ট

বাংলাদেশি কমিউনিটির হোম কেয়ার সেবা দানকারীদের জন্য বিশেষ সুযোগ নিয়ে এসেছে গোল্ডেন এজ হোম কেয়ার। হোম কেয়ার খাতের সংকটময় মূহুর্তে সেবাগ্রহীতাদের পাশে থাকার জন্য অন্য এজেন্সি থেকে ট্রান্সফার হয়ে আসা গ্রাহকদের জন্য বিনামূল্যে পিসিএ (পার্সোনাল কেয়ার এইড) বা এইচএইচএ (হোম হেলথ এইড) প্রশিক্ষণ দেবে এরপর ৩৫ পৃষ্ঠায়

## ট্রাম্প মন্ত্রিসভায় অনেকেই বোমা হামলার হুমকিতে

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের নবনির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মন্ত্রিসভা ও হোয়াইট হাউজ টিমের জন্য মনোনীত ব্যক্তিদের লক্ষ্য করে বোমা হামলার হুমকি দেওয়া হয়েছে। এফবিআই জানিয়েছে যে তারা 'বহু বোমা হামলার হুমকি' এবং 'হয়রানি ঘটনার' বিষয়ে অবগত। গত মঙ্গলবার রাত ও বুধবার কমপক্ষে নয়জনকে এই ধরনের হয়রানিমূলক হুমকি দেওয়া হয়েছে। যাদেরকে হুমকি হয়েছে তারা ডোনাল্ড ট্রাম্পের মনোনীত ব্যক্তি। এই খবর গতকাল বৃহস্পতিবার দিয়েছে বিবিসি।

অনেককে প্রতিরক্ষা, আবাসন, কৃষি এবং শ্রম বিভাগের নেতৃত্ব প্রদানের জন্য নির্বাচন করা হয়ছে। বাকিদের মাঝে এরপর ৩৫ পৃষ্ঠায়

## ইসকন ইস্যুতে ঢাকা-দিল্লি টানাপোড়েন

মাসুদ করিম, *ঢাকা থেকে*

ঢাকা-দিল্লি সম্পর্কে হঠাৎ ঝড়ো হাওয়া বইছে। চিন্ময় কৃষ্ণ দাস নামের একজন পুরোহিতকে গ্রেফতারের পর উত্তাপ ছড়ায়। চট্টগ্রামে সৃষ্ট উত্তাপ ঢাকা থেকে দিল্লি পর্যন্ত গড়ায়। বিষয়টি নিয়ে ঢাকা দিল্লি রীতিমত টানাপোড়েন সৃষ্টি হয়েছে। ভারতের পত্রিকাগুলোর লিড নিউজ এখন বাংলাদেশ। উত্তেজনা ছড়িয়ে দিচ্ছে ভারতীয় টিভি চ্যানেলগুলো। তার ফলে দুই প্রতিবেশি দেশের মধ্যে অস্বস্তিকর পরিস্থিতির সৃষ্টি হয়েছে।



চট্টগ্রামের এই ধর্মীয় নেতাকে গ্রেফতারের জের ধরে তার অনুসারীরা রাস্তায় নেমে আসেন। আদালত তার জামিন বাতিল করে তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দিলে অনুসারীরা রাস্তায় শুয়ে প্রিজন ভ্যান আটকে দেয়। তাদের সরাতে আইন-শৃঙ্খলা বাহিনীকে টিয়ার সেল এবং সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করতে হয়। চট্টগ্রামে ছড়িয়ে পড়ে হানাহানি। সহিংসতায় প্রাণ হারান চট্টগ্রামের বিশিষ্ট এরপর ৩৫ পৃষ্ঠায়



## চিন্ময় দাসের অবিলম্বে মুক্তি দাবি শেখ হাসিনার

আজকাল রিপোর্ট

বাংলাদেশের ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা চট্টগ্রামের সনাতনী জাগরণ জোটের মুখপাত্র চিন্ময় কৃষ্ণ দাসের অবিলম্বে মুক্তির দাবি জানিয়েছেন। আইনজীবী সাইফুল ইসলাম নিহতের ঘটনায় প্রতিবাদ জানিয়ে বিবৃতি দিয়েছেন তিনি। গতকাল বৃহস্পতিবার বিকেলে আওয়ামী লীগের অফিশিয়াল ফেসবুক পেইজে বিবৃতি এরপর ৫৬ পৃষ্ঠায়

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন,নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs • Inquiries • Collections • Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্ম, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury, Attorney at Law

ইন্স্যুরেন্স! ইন্স্যুরেন্স!!
আমরা ফ্রি কোটেশনের ব্যবস্থা করে থাকি।
সবধরণের গাড়ি, বাড়ি এবং ব্যবসায়িক ইন্স্যুরেন্সসহ
Taxi Limousine Insurance Expert!
212-721-0001
32-47 57TH STREET, WOODSIDE, NY 11377
www.megainsurance.nyc
MEGA insurance BROKERAGE
RAJIB AHMED, President & CEO

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স | পেরোল | বিজনেস সেটআপ | ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER | ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
PCA & CDPAP SERVICE
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
Please Contact
Shah Nawaz MBA
President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAY CARE
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
CenterLight Health System
Anthem.
Hamaspik
MANAGED CARE
MetroPlusHealth
S W H
Senior Whole Health.
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A CONCERN OF SHAH NAWAZ GROUP
Shah M. Nawaz MBA
President & CEO
646-591-8396
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ GROUP
CONTACT US:
Off: 718-516-3425
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suit C
Ozone Park, NY 11416


GOLDEN AGE HOME CARE
GOLDEN AGE
HOME CARE
Happy
Thanksgiving
design: ihopeprint.com, 929-538-7903
Please Contact
Shah Nawaz MBA
President & CEO
646-591-8396
[redacted]
GOLDEN AGE HOME CARE
আজকাল
DMV SERVICES

# ট্রাম্পের বাণিজ্যনীতির কী প্রভাব পড়তে পারে বাংলাদেশে

> ডব্লিউটিওর সিদ্ধান্ত থাকার পরও স্বল্পোন্নত দেশগুলোর মধ্যে বাংলাদেশ, নেপাল ও কম্বোডিয়া আজও যুক্তরাষ্ট্রে বাজার-সুবিধা পায়নি। আর ২০২৬ সাল শেষে বাংলাদেশ যেহেতু এলডিসির কাতার থেকে বেড়িয়ে আসবে, সেহেতু এই বাজার-সুবিধা পাওয়ার সম্ভাবনা আরও ক্ষীণ হয়ে গেছে। এখন বরং চিন্তার বিষয় হয়ে উঠেছে যে ট্রাম্পের বর্ধিত শুল্কের ধাক্কা বাংলাদেশের ওপর কতটা এসে পড়বে। কারও কারও মতে, বাংলাদেশকে হয় দ্বিপক্ষীয় মুক্ত বাণিজ্য চুক্তির পথে হাঁটতে হবে, না হয় কেনিয়ার মতো স্ট্র্যাটেজিক ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট পার্টনারশিপ (এসটিআইপি) নিয়ে সমঝোতা করতে হবে। বাংলাদেশের পক্ষে এর যেকোনো একটা বেছে নেওয়া খুব সহজসাধ্য নয়। তবে একক বৃহত্তম রপ্তানি বাজারে বাড়তি সুবিধা পেতে হলে বিশ্ব বাণিজ্য সংস্থার (ডব্লিউটিও) বহুপক্ষীয় ব্যবস্থার আওতায় যুক্তরাষ্ট্র থেকে কিছু মিলবে না, তা প্রায় নিশ্চিত

আসজাদুল কিবরিয়া



১১ বছর আগের কথা: ২০১৩ সালের ২৫ নভেম্বর বাংলাদেশ ও যুক্তরাষ্ট্র আনুষ্ঠানিকভাবে বাণিজ্য ও বিনিয়োগ সহযোগিতা ফোরাম চুক্তি (টিকফা) স্বাক্ষর করে। এর পাঁচ মাস আগে ২৮ জুন বাংলাদেশকে দেওয়া জেনারেলাইজড সিস্টেম অব প্রেফারেন্স (জিএসপি) সুবিধা স্থগিত ঘোষণা করে যুক্তরাষ্ট্রের ওবামা সরকার। দুই দেশের বাণিজ্য সম্পর্কের ক্ষেত্রে অল্প সময়ের ব্যবধানে এ দুটি ঘটনা ছিল তাৎপর্যপূর্ণ, তাতে কোনো সন্দেহ নেই।

জিএসপি-সুবিধা স্থগিতকরণ টিকফা স্বাক্ষরকে ত্বরান্বিত করেছিল বলে ধরা যায়, যদিও তার আগে প্রায় এক দশক ধরে এ রকম একটি চুক্তি নিয়ে আলোচনা চলেছে। প্রথমে বাণিজ্য ও বিনিয়োগ রূপরেখা চুক্তি (টিফা) করার উদ্যোগ নেওয়া হয় ২০০২ সালে, শেষতক তা টিকফায় রূপ নেয়। তবে জিএসপি স্থগিতকরণ ও টিকফা স্বাক্ষরের এক দশকের বেশি সময় পর এসে দুই দেশের মধ্যকার সম্পর্ক একটি নতুন মাত্রায় উপনীত হয়েছে। বিশেষ করে ডোনাল্ড ট্রাম্প যুক্তরাষ্ট্রের ৪৭তম প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ায় যুক্তরাষ্ট্রের বাণিজ্যনীতি যখন নিশ্চিতভাবেই সংরক্ষণমূলক হয়ে উঠবে, তখন বাংলাদেশকেও ট্রাম্পের নীতির সঙ্গে সমন্বয় করার বিষয়টি ভাবতে হবে।

**উচ্চ শুল্কের পথে যুক্তরাষ্ট্র**

প্রেসিডেন্ট নির্বাচনের প্রচারকালে ট্রাম্প স্পষ্টভাবে জানিয়ে দেন যে তিনি নির্বাচিত হলে চীনা পণ্যের ওপর ৬০ শতাংশ হারে শুল্কারোপ করবেন। অন্য দেশগুলো থেকে পণ্য আমদানির ওপরও ১০ থেকে ২০ শতাংশ হারে শুল্কারোপ করা হবে বলে ঘোষণা দেন। এ ছাড়া মেক্সিকোর সরকার যদি সীমান্ত দিয়ে যুক্তরাষ্ট্রে অবৈধভাবে অভিবাসী প্রবেশের বিষয়টি নিয়ন্ত্রণে সহায়তা না করে, তাহলে মেক্সিকোর ওপরও ২৫ শতাংশ হারে শুল্কারোপ করতে দ্বিধা করবেন না ট্রাম্প।

নির্বাচনে জয়ী হওয়ার পর ট্রাম্প এখন বিভিন্ন দপ্তরে নিয়োগের জন্য তাঁর পছন্দের লোকজন বাছাই করছেন। পাশাপাশি আগামী বছরের ২০ জানুয়ারি আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণের পরপরই শুল্কারোপের কাজ শুরু হয়ে যাবে তা নিশ্চিত। এ ক্ষেত্রে ট্রাম্প আন্তর্জাতিক বাণিজ্য বিষয়ে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের যে বিশেষ ক্ষমতা আছে, সেই নির্বাহী ক্ষমতা প্রয়োগ করবেন যেন দ্রুত শুল্কারোপ করা যায়।




মজার বিষয় হলো, ২০১৭-২০২০ মেয়াদে ট্রাম্প সেসব উচ্চ শুল্কারোপ করেছিলেন, ২০২১-২০২৪ মেয়াদে প্রেসিডেন্ট জো বাইডেন তা প্রায় পুরোটাই বহাল রেখেছেন। যুক্তরাষ্ট্রভিত্তিক গবেষণা সংস্থা ট্যাক্স ফাউন্ডেশনের হিসাব অনুসারে, ২০১৮ ও ২০১৯ সালে ট্রাম্প প্রশাসন হাজারখানেক পণ্যের ওপর ৩৮ হাজার কোটি ডলারের আমদানি শুল্কারোপ করেছিল। এর ফলে দেশটির নাগরিকদের ওপর আট হাজার কোটি ডলারের বাড়তি করের বোঝা চাপে।

ট্রাম্প নিজেকে 'ট্যারিফ ম্যান' বলে অভিহিত করেছেন প্রথ মবার প্রেসিডেন্ট নির্বাচন করার সময়ই। তিনি মনেপ্রাণে বিশ্বাস করেন যে নিম্ন হারের বা শূন্য হারের আমদানি শুল্কের কারণে তিন দশক ধরে যুক্তরাষ্ট্রে লাখ লাখ মানুষ বেকার হয়েছেন, লাখ লাখ শ্রমজীবীর মজুরি তেমন বাড়েনি বরং সমাজে বড় ধরনের আয়ের বৈষম্য তৈরি হয়েছে। অন্যদিকে যুক্তরাষ্ট্রের বাণিজ্য অংশীদার দেশগুলো তাদের রপ্তানি বাড়ানোর দিকে যতটা মনোযোগী হয়েছে, নিজ দেশের জনগণের জীবনমান বাড়ানোয় ততটা নজর দেয়নি। এসব দেশের শিল্পনীতিও সেভাবে প্রণীত ও বাস্তবায়িত হয়েছে। এতে ক্রমাগত বড় ধরনের বাণিজ্য-ঘাটতি মোকাবিলা করে যুক্তরাষ্ট্র ক্ষতিগ্রস্ত হয়েছে।

ট্রাম্পের সময়কালে যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধি (ইউএসটিআর) রবার্ট লাইটথাইজার এবারের নির্বাচনের কয়েক দিন আগে ফিন্যান্সিয়াল টাইমসের (২ নভেম্বর ২০২৪) এক নিবন্ধে এ বিষয়গুলো তুলে ধরেন।

এতে তিনি আরও বলেন যে এ ধরনের অন্যায্য শিল্পনীতির ক্ষতি থেকে রক্ষার জন্য আমদানি শুল্ক বাড়ানোই হলো উত্তম পথ, যা ট্রাম্প তাঁর প্রথম মেয়াদে করেছেন। এর সুফলও সে সময় মিলেছিল দাবি করে লাইটথাইজার বলেন যে শিল্পোৎপাদন বেড়েছিল, আমদানি কমে এসেছিল আর শ্রমিকেরা সর্বোচ্চ হারে মজুরি পেতে শুরু করেছিলেন। উচ্চ বাণিজ্য উদ্বৃত্ত সুবিধা ভোগকারী বাণিজ্য অংশীদারদের উদ্দেশে তিনি ট্রাম্পের পক্ষ থেকে আরও বলেন যে ট্রাম্পের নেতৃত্বে যুক্তরাষ্ট্র তাঁর বাণিজ্যনীতি পরিবর্তন করছে, এমনটি অভিযোগ করার অবকাশ নেই। বরং যুক্তরাষ্ট্রের যে ক্ষতি হয়েছে, সেটা কাটানোর জন্য পদক্ষেপ নেওয়া হতে যাচ্ছে।

**যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক গুরুত্ব**

যুক্তরাষ্ট্র এখন বিশ্বের একক বৃহত্তম আমদানিকারক দেশ। বৈশ্বিক পণ্য ও সেবার ১৮ শতাংশ আমদানি করে দেশটি। বিপরীতে রপ্তানি করে ১৪ শতাংশ। দেশটি বাংলাদেশসহ অনেক দেশের প্রধান বা গুরুত্বপূর্ণ বাণিজ্য অংশীদার তো বটেই, এমনকি প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগের (এফডিআই) প্রধান জোগানদার। বিশ্বের সবচেয়ে শক্তিশালী এই রাষ্ট্রের সামরিক, অর্থনৈতিক ও ভূরাজনৈতিক সক্ষমতার ধারেকাছে এখনো কেউ নেই, চীন ব্যতীত। তবে চীনকে আরও অনেকটা পথ পাড়ি দিতে হবে সমানে সমান হতে।

প্রায় দুই বছর আগে (ডিসেম্বর, এরপর ২৬ পৃষ্ঠায়







# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



## এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

**Hon. Democratic District Leader at Large, Queens, NY**

**মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।**

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

# 917-282-9256

**Moin Choudhury, Esq**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



**Timothy Bompart**
Attorney at Law

## এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com



**Moin Choudhury**
Attorney at Law

**Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**

**Manhattan Office By Appointment Only.**

**Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত



KARNAFULLY TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc Approved

# কর্ণফুলি ট্রাভেল
আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372
E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com
**Web: www.karnafullytravel.com**

# তরুণদের কাছে রাজনৈতিক নেতৃত্বের যত 'ঠ্যাকা'

বাংলাদেশের পরিপ্রেক্ষিতেও হয়তো বড় দলগুলোর সুস্পষ্ট ধারণা নেই, ৪০ বছরের নিচে বয়সী যে এক বিশাল প্রজন্ম, যারা এখনো 'হাসিনার কল্যাণে' ভোট দেওয়ারই সুযোগ পায়নি, তাদের রাজনৈতিক আনুগত্য আসলে কোথায়। না খেয়ে, না ছুঁয়েও তাদের (এবং অন্য সবার) মাথায় এখন হাসিনার দায়-শত বিলিয়ন ডলার জাতীয় ঋণ। তারা সিভিল সার্ভিসে কোটাকে বৈষম্য হিসেবে দেখেছে, নিরাপদ সড়কের দাবিতে আন্দোলন করেছে। তারাই বিশ্বাস করেছে, দানবীয় হাসিনা শাসনের ইতি টানা সম্ভব। ৫ আগস্ট তিনি ক্ষমতা ছেড়ে পলায়ন করেন তাদের ধাওয়ায়। এই তরুণদের প্রত্যাশা পূরণের গুরুদায়িত্ব এখনকার রাজনৈতিক নেতৃত্বের। অন্যথায় নতুন প্রজন্মই বেশি চ্যালেঞ্জের মুখে পড়বে এবং বাধ্য হয়ে চ্যালেঞ্জ ছুড়ে দিতে পারে জ্যেষ্ঠদের দিকে। ক্ষতি কী, যদি সন্তানেরা পিতাদের ছাড়িয়ে যায়!

## খাজা মাঈন উদ্দিন



ছাত্র-সমন্বয়কারীদের আশঙ্কা, আওয়ামী গোষ্ঠীর নূনতম রাজনৈতিক পুনর্বাসন হলে সবার আগে ফ্যাসিবাদী আক্রমণের শিকার হবেন এই তরুণেরা।

১৯১৭ সালের বলশেভিক বিপ্লব একপর্যায়ে জোসেফ স্তালিনের দখলে চলে যাওয়ায় যাঁরা ছিটকে পড়েছিলেন, তাঁদের মধ্যে বিপ্লবী লিওন ট্রটস্কিও ছিলেন। সেই বাস্তবতা নিয়ে তিনি একটি বই লিখেছিলেন। বইয়ের শিরোনাম 'রেভল্যুশন বিট্রেইড'। বাংলায় যাকে বলা যায় 'বেহাত বিপ্লব'। নাহ্! জুলাই-আগস্ট ২০২৪-এর বাংলাদেশ বিপ্লব নিয়ে সে রকম আক্ষেপ যেন আমাদের না করতে হয়।

দেশের রাজনৈতিক পরিসর ইতিমধ্যেই সন্দেহ, অবিশ্বাস ও অনুমাননির্ভর বিতর্কের গোলকধাঁধায় পড়েছে। প্রশ্ন উঠছে- জাতীয় নির্বাচন কবে দেওয়া হবে? এর আগে রাষ্ট্রীয় সংস্কার কর্মসূচি কি পূর্ণতা পাবে? পেলে কবে নাগাদ পাবে? দোষ-ত্রুটিপূর্ণ, নির্বাচিত সরকারব্যবস্থা যে চালু করতেই হবে, তা নিয়ে তর্ক করার সুযোগ নেই। সরকার পরিচালনায় কৈফিয়তের সংস্কৃতিও চালু করতে হবে-সে গরজও থাকতে হবে। রাষ্ট্র মেরামত ও জনহিতকর ব্যবস্থার দাবিসমেত আরও কিছু মহান উদ্দেশ্যেই ফ্যাসিবাদী শাসক শেখ হাসিনার পতন ঘটানো হয়; দায়িত্ব নেয় প্রফেসর মুহাম্মদ ইউনূস প্রশাসন।

রাষ্ট্র পরিচালনার সংস্কৃতিতে পরিবর্তন আনার প্রচেষ্টার মধ্য দিয়ে 'টিম ইউনূস' তাদের কাঁধে আসা ঐতিহাসিক দায়িত্ব সম্পন্ন করতে ইচ্ছুক। আর নির্বাচনের রোডম্যাপ দাবি করে প্রধান রাজনৈতিক দল বিএনপি নতুন বাংলাদেশ গড়ার চ্যালেঞ্জ নেওয়ার প্রস্তুতির কথাই জানান দিচ্ছে। দুই পক্ষের মধ্যে ভুল-বোঝাবুঝি আছে; কিন্তু ধরে নিচ্ছি কারোরই আখেরি চাওয়া অযৌক্তিক নয়। কারণ, উভয় অর্জনই হবে জনগণের রাষ্ট্র প্রতিষ্ঠায় অবিরত সম্মিলিত প্রচেষ্টার অংশ।

একসময় যে বক্তারা প্রচার করতেন, শেখ হাসিনার কোনো বিকল্প নেই, তাঁরা এখন দেখুন, তাঁদের নেত্রীর বিদায়ে কত তরুণ ও প্রৌঢ় নেতার উত্থান হয়েছে এবং জনগণের ম্যান্ডেট নেওয়া নেতৃত্ব তৈরির পরিবেশ তৈরি হয়েছে। চলমান বাস্তবতায় সেই ফ্যাসিবাদী দলদাসেরা অবশ্য দেখতে চান তাঁদের প্রভুরই এক নিকৃষ্ট মানের বিকল্প শাসন, যাতে তাঁদের অশোভন ও অপরাধপ্রবণ রাজনৈতিক আচরণের 'মান' রক্ষা হয়।




তরুণদের উদ্যোগে নতুন দল গঠনের খবর আসছে; যদিও নিকট ভবিষ্যতের রাজনৈতিক গতিধারা, দলীয় বিন্যাস ও জোট গঠন এবং বিপ্লব-পরবর্তী দিকনির্দেশনা ও ভিশন নিয়ে অস্পষ্টতা রয়ে গেছে।

নির্বাচন, ক্ষমতা, দল গঠন বা নিষিদ্ধকরণ নিয়ে দড়ি-টানাটানির এ অবস্থা কি জীবন-জীবিকার সংগ্রামে থাকা মানুষের খুব দুশ্চিন্তার বিষয়, যদি না তাদের কল্যাণে সেই রাজনীতি হয়? সম্ভাব্য নতুন দলের আগমনে নতুন প্রতিযোগিতায় গণমুখী দলগুলোর অসুবিধা না থাকলেও আওয়ামী লীগ কেন স্বাগত জানাবে নতুন রাজনৈতিক শক্তিকে, যে শক্তি নিজেদের রক্তের বন্যায় ভাসিয়ে দিয়েছে আওয়ামী ফ্যাসিবাদী শাসন!

হাসিনার আওয়ামী লীগ এখন নির্বাচনী ট্রেনে উঠতে ইনিয়ে-বিনিয়ে এমন প্রোপাগান্ডা চালাচ্ছে, যেন ফরাসি দার্শনিক ভলতেয়ারের চেয়ে উচ্চমার্গের গণতন্ত্রপ্রেমিক তারা। ভলতেয়ার একবার বলেছিলেন, 'আপনি যা বলতে চান, তার সঙ্গে আমি একমত নই, স্যার। তবে আমি আপনার বলার অধিকার আমৃত্যু রক্ষা করব।' এর উল্টোটিই তো ছিল খাঁটি আওয়ামী সংস্কৃতি; নাকি ভুল বললাম? আন্দোলনের সময় বিশ্ববিদ্যালয়ের হলগুলো আক্রমণকারী ছাত্রলীগমুক্ত ঘোষণা করা হলে ঘনিষ্ঠ 'সূত্রে' জেনেছি, সংগঠনটির প্রধান পৃষ্ঠপোষক হাসিনা আন্দোলনকারীদের 'একটা একটা করে দেখে নেওয়ার' পণ করেছিলেন।

সম্প্রতি দিল্লি থেকে হাসিনার এবং গোপন আস্তানায় থাকা অন্য আওয়ামী নেতা-কর্মীদের তৎপরতা, বিশেষ করে হুমকিতে হাসিনাবিরোধী গণ-আন্দোলনে নেতৃত্ব দেওয়া ছাত্র-সমন্বয়কারীরা সন্ত্রস্ত বলে জানা গেছে। ছাত্র-সমন্বয়কারীদের আশঙ্কা, আওয়ামী গোষ্ঠীর নূনতম রাজনৈতিক পুনর্বাসন হলে সবার আগে ফ্যাসিবাদী আক্রমণের শিকার হবেন এই তরুণেরা।

হাজারো মানুষ খুন ও সীমাহীন অপকর্ম এবং বারবার গণতন্ত্র হত্যার পরও আওয়ামী লীগ দলটি নিয়ে সমাজ ও রাজনীতিতে সুস্পষ্ট নৈতিক অবস্থান না থাকাটা নতুন প্রজন্মের সামনে হবে অতি বাজে এক দৃষ্টান্ত। এটি হবে শহীদ ও আহত ব্যক্তিদের সঙ্গে মশকরা। অন্যায়কারীর সঙ্গে বিনা বিচারে আপস করা যদি হয় 'রিয়েল পলিটিক' বা বাস্তববাদী রাজনীতি, তাহলে রাজনীতির মানে দাঁড়াবে নৈতিকতা-বিবর্জিত কর্ম।

হাসিনার আদলে ক্ষমতায় থাকতে বা আসতে বহিঃশক্তির কাছে নিঃশর্ত আত্মসমর্পণের নাম যদি হয় 'ডিপ্লোমেসি' বা কূটনীতি, তখন আর জাতীয় স্বার্থ বলে কিছু অবশিষ্ট থাকে না। এ-জাতীয় 'বাস্তববাদী' অনেক মানুষ, 'গুণীজন' ও 'প্রভাবশালী কণ্ঠস্বর'ও একত্রে উচিত কথা বলেননি এবং উচিত কাজ করেননি বলেই আওয়ামী দুঃশাসন গণতন্ত্রকে বন্দী করে দেশবাসীকে দেড় দশকের কারাদণ্ড দিয়েছিল।

সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার মতো রাজনৈতিক নেতৃত্বকে জেল-জুলুম দিয়ে অপদস্থ করেছিল। আহ্! সেই হাসিনার বিরহে মুহূর্তেই এরপর ২৩ পৃষ্ঠায়

# সেনাকুঞ্জে খালেদা জিয়ার উপস্থিতি ও একটি মেডিকেল মিরাকল

## রুমি আহমেদ

বেগম খালেদা জিয়ার সেনাকুঞ্জ সফরের অনেক ভিডিও দেখলাম গতকাল! আমি যেহেতু চিকিৎসাবিজ্ঞানের ছাত্র - আমি ওনার ভিডিওগুলো দেখেছি অন্য দৃষ্টিভঙ্গি থেকে! প্রথমত কাল দেখলাম, তিনি হাসছেন এবং শ্বাস নেওয়ার জন্য না থেমে এবং না হাঁপিয়ে গিয়ে মোটামুটি লম্বা সময় কথা বলতে পারছেন। আরেকটা ব্যাপার লক্ষ করলাম- ওনার অক্সিজেন লাগছে না!

এই পুরো ব্যাপারটা একটা মিরাকল ছাড়া আর কিছু না। এই কিছুদিন আগে ৮০ বছর বয়সী ৬-৭ মাস টানা আইসিইউতে কাটালেন। ওনার কিডনি ফেইল করেছিল; হার্ট ফেইলিউর ছিল; লিভার পুরো ফেইল করেছে। লিভার ফেইলিউর-এর জীবনঘাতী কমপ্লিকেশন যা যা হতে পারে সবই তার ছিল - সারা শরীরে পানি, পায়ে পানি, পেটে পানি, ফুসফুসে পানি! প্রতিদিন পেট আর ফুসফুস-এর পাশ থেকে সুঁই ঢুকিয়ে লিটারকে লিটার পানি ড্রেইন করতে হতো।

ওনার দুই চেস্টে টিউব ঢোকানো ছিল কন্টিনিউয়াস পানি ড্রেইন করানোর জন্য। ঘাড়ের মধ্যে বিশাল মোটা ডায়ালাইসিস লাইন ছিল। আরও কিছু কঠিন সমস্যা ছিল যেমন- রিউমাটয়েড আর্থ্রাইটিস তার কথায় পরে আসছি...

পৃথিবীর সবচেয়ে এডভান্সড আইসিইউগুলোতে আমি কাজ করছি গত ২০ বছর ধরে। আশি বছর বয়সি একজন মানুষ এডভান্সড রিউমাটয়েড আর্থ্রাইটিস যার লিভার ফেইল করেছে - কিডনি ফেইল করেছে; সিভিয়ার পালমোনারি হাইপারটেনশন আছে, এই দেশে আমরা আশা ছেড়ে দিতাম! বলে দিতাম প্যালিয়েটিভ কেয়ার নাও - হসপিসে চলে যাও!

৮০ বছর বয়সি একজন মানুষের লিভার ফেইলিউর একটা ওয়ানওয়ে জার্নি। বাকি সব অর্গান ডোমিনোর মতো ফেইল করা শুরু করে। রোগী বাঁচার সম্ভাবনা প্রায় শূন্যের কাছাকাছি।

মিসেস খালেদা জিয়া যে সাত মাস আইসিইউ থেকে কাল সেনাকুঞ্জে এসে সবার সাথে শুভেচ্ছা বিনিময় করলেন, আবারও বলছি এটা মেডিকেল মিরাকল। উপরওয়ালা কোথাও কেউ নিশ্চয় আছেন; যিনি সম্ভব - অসম্ভবের কারিগর, উনিই হয়তো চেয়েছেন অসম্ভবের ঘড়ির কাঁটাটাকে হাত দিয়ে ঠেকিয়ে রাখতে। কেউ ওনাকে এই দিনটা দেখিয়ে দিতে চেয়েছেন! কারও কোনো পুণ্য আছে কোথাও- এই সম্ভব-অসম্ভবের উল্টোচালে।

আপনারা কেউ কি ওনার হাত দুটো খেয়াল করেছেন? কীভাবে বেঁকে গিয়েছে? কন্ট্রাক্টেড হয়ে গিয়েছে? আমরা মেডিকেল কলেজে পড়েছি সোয়ান নেক ডিফর্মিটি; বাটোনেআর ডিফর্মিটি। গত শতাব্দীর টার্ম! এই শতাব্দীর মেডিকেল স্টুডেন্টরা এগুলো খুব একটা দেখে না এখন। রিউমাটয়েড আর্থ্রাইটিস-এর চিকিৎসা না হলে বার্ন্ট আউট হয়ে যায়। এডভান্সড রিউমাটোয়েড আর্থ্রাইটিস-এর শেষ পর্যায়ে গিয়ে হাতগুলো এভাবে শক্ত হয়ে কুঁকড়ে যায়। দুটো হাতই শুধু অচল হয় না - অবর্ণনীয় যন্ত্রণা হয় হাই ডোজ ইমিউনিটি সাপ্রেস করা মেডিসিন এ না থাকলে।

আপনি কি খেয়াল করেছেন উনি পা লম্বা করে হুইল চেয়ারে বসে ছিলেন? উনি পা ভাঁজ করতে পারেন না! ওনাকে স্ট্র্যাপ দিয়ে হুইল চেয়ার-এর সাথে বেঁধে রাখা হয়েছিল। যাতে পড়ে না যান। আমি খেয়াল করছিলাম- ওনার ছোট পুত্রবধূ প্রতিটা মুহূর্ত শাশুড়ির দিকে চোখ রাখছেন - কখন কি হয়ে যায়!



একটা জীবন চিন্তা করুন তো? অবর্ণনীয় ব্যথার কারণে পা ভাঁজ করা যায় না, স্টিফ হয়ে গিয়েছে। হাত দুটো অচল! পুরো পঙ্গু করে দেওয়া হয়েছে ওনাকে! হ্যাঁ আমি বলছি 'দেয়া হয়েছে'- এমনি এমনি হয় নি! আগে ওনাকে যখন টিভিতে দেখেছি তখন তো এতো খারাপ অবস্থা ছিল না। উনি এই হাত দিয়ে করমর্দন করতেন, সারাদিন ফাইল স্বাক্ষর করতেন! একটু খুঁড়িয়ে হলেও হাঁটতে পারতেন। ২০০৮ এর নির্বাচনের আগে ২৪ ঘণ্টার মধ্যে ১৯ ঘণ্টা ক্যাম্পেইন করেছেন, সারারাত পথসভা করেছেন।

আজকাল আমরা এই ধরনের রিউমাটয়েড ডিফর্মিটি খুব কম দেখি। কারণ আজকাল রিউমাটয়েড আর্থ্রাইটিস-এর অনেক ডিজিজ মোডিফাইয়িং ঔষধ আছে। এই ঔষধ টা কন্ট্রোল করে রাখা যায়! একবিংশ শতাব্দীতে আমাদের চিকিৎসা বিজ্ঞান রিউমাটয়েড আর্থ্রাইটিসকে এখন আর ওই পর্যায়ে পৌঁছতে দেয় না।

কিন্তু উনি যেই চার পাঁচ বছর জেলে ছিলেন তখন তাঁর উপর গরুর চিকিৎসা হয়েছে। মানুষের চিকিৎসা হয়নি। উনি আধুনিক কোন চিকিৎসা পান নি! যেই ঔষধ দেয়া হয়েছে তাতে ওনার ডিজিজ কন্ট্রোল তো হয়ই নি - লিভার, কিডনি ড্যামেজ হয়ে গিয়েছে।

২০০৭ এর পর থেকে ওনার পরিবারের উপর যা গিয়েছে তা ট্র্যাজিক মহাকাব্য। বড় ছেলেকে মেরে তার কোমর ভেঙে দেয়া হয়েছিল। তার দশ বছর লেগেছে স্বাভাবিক ভাবে হাঁটতে! আরেক ছেলের উপর (যে রাজনীতির র এর সাথে জড়িত ছিল না) তার উপর কি ঝড় গিয়েছে আল্লাহই জানে। ছাড়া পাবার কিছুদিন পর ৪৫ বছরের সুস্থ তরুণ ক্রিকেট প্রেয়ার মানুষ টা ধুম করে মরে গেলেন।

এই কাজগুলো যারা করেছেন, যাদের সিদ্ধান্তে হয়েছে, যারা এক্সিকিউট করছেন - তাদেরকে জিয়া পরিবার ক্ষমা করলেও এই দেশের একটা বিশাল এরপর ৩৬ পৃষ্ঠায়



ছাড়া পাবার কিছুদিন পর ৪৫ বছরের সুস্থ তরুণ ক্রিকেট প্রেয়ার মানুষ টা ধুম করে মরে গেলেন। এই কাজগুলো যারা করেছেন, যাদের সিদ্ধান্তে হয়েছে, যারা এক্সিকিউট করছেন - তাদেরকে জিয়া পরিবার ক্ষমা করলেও এই দেশের একটা বিশাল অংশ মানুষ কোনোদিনই ক্ষমা করবে না! আরেকটা কথা - মিসেস খালেদা জিয়ার এখন কি উচ্চ চিকিৎসার জন্য বিদেশে যাওয়া উচিত? আমার মতে এখন এটা পলিটিক্যাল ও পারিবারিক ডিসিশন; মেডিকেল ডিসিশন না। ওনার যে মেডিকেল টিম তাদের অনেককে আমি চিনি! ওঁদের উপর আমার ১০০% আস্থা আছে। আমি মনে করি উনারাই যথেষ্ট। ওনাকে টেনেহিঁচড়ে বিদেশে নেবার কোনো যুক্তি বা মেডিকেল নেসিসিটি আমি দেখি না। এটা আমার ব্যক্তিগত মত। ওনার পরিবার আরো ভালো বুঝবেন


বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯+
JFK-Dhaka-JFK Return
Mohammad B Hossain (Belal)
President & CEO
SAUDI ARABIAN AIRLINES
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
ওমরাহ ভিসা - এয়ার টিকেট - হোটেল
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD AIRWAYS
Emirates
QATAR AIRWAYS
KUWAIT AIRWAYS
দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ
কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ
কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট
১৮ বছরের অভিজ্ঞ
মাহির
ট্রাভেল কনসালটেন্ট
৮ বছরের অভিজ্ঞ
জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট
১০ বছরের অভিজ্ঞ
7305 37th Road, Jackson Heights, NY 11372
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)
Phone: 917-396-4140, 917-592-7828
Price Can Be Change Anytime.
digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com
OPEN 7 DAYS: 11AM -10PM
*Terms & Condition may apply. See store for details.

# অশুভ প্ররোচনায় বিভ্রান্ত হওয়া চলবে না

ড. মাহবুব উল্লাহ্

৫ আগস্ট ছাত্র-জনতার বিশাল গণ-অভ্যুত্থানের ফলে শেখ হাসিনার ফ্যাসিস্ট সরকারের পতন ঘটে। শেখ হাসিনা ৫ আগস্ট সামরিক বাহিনীসহ অন্যান্য বাহিনীকে নির্দেশ দিচ্ছিলেন অভ্যুত্থানকারীদের কঠোর হস্তে দমন করতে। অভ্যুত্থান দমনে পুলিশ বাহিনীর নির্দয় ভূমিকাকে শেখ হাসিনা প্রশংসা করেন। তিনি আরও বলেন, সামরিক বাহিনীকে, পুলিশ বাহিনীর মতো কঠোর অবস্থানে থাকতে হবে। এ পর্যায়ে পুলিশের আইজি চৌধুরী আব্দুল্লাহ আল মামুন শেখ হাসিনার দৃষ্টি আকর্ষণ করে বলেছিলেন, পুলিশের পক্ষে এর চেয়ে বেশি কঠোর হওয়া সম্ভব নয়। সামরিক বাহিনীর পক্ষ থেকেও শেখ হাসিনাকে জানিয়ে দেওয়া হয়, লাখ লাখ মানুষের যে দুটি মিছিল গণভবন দখলের জন্য এগিয়ে আসছে, তা কোনোক্রমেই রোধ করা সম্ভব নয়। সামরিক বাহিনীর এ অবস্থান শেখ হাসিনার ভাগ্য নির্ধারণ করে ফেলে। শেখ হাসিনা কিছুতেই ক্ষমতা ছাড়তে রাজি ছিলেন না। শেখ হাসিনার পুত্র জয়ের সঙ্গে টেলিফোনে যোগাযোগ করে ঢাকার পরিস্থিতি সম্পর্কে জানানো হয়। জয় বুঝতে সক্ষম হন যে, চরম বিস্ফোরণোন্মুখ এ অবস্থার মুখে তার মাকে রক্ষা করা সম্ভব হবে না। লাখ লাখ বিক্ষোভকারী গণভবনের দেওয়াল ভেঙে প্রবেশ করবে এবং তারা যাদের ওপর বিক্ষুব্ধ, তাদের সবাইকে নিশ্চিহ্ন করে দেবে। অবশেষে শেখ হাসিনা পরিস্থিতির ভয়াবহতা উপলব্ধি করতে সক্ষম হন এবং জীবন রক্ষার জন্য দেশ ত্যাগ করতে রাজি হন। সামরিক নেতারা পরিস্থিতির ভয়াবহতা সম্পর্কে সঠিকভাবে বুঝতে পেরেছিলেন এবং শেখ হাসিনার জীবন রক্ষা করে তাকে দেশ ছাড়ার একটা ব্যবস্থা করে দেওয়া হয়েছিল। এখন বোঝা যাচ্ছে, সামরিক নেতৃত্ব শেখ হাসিনার প্রাণ রক্ষার জন্য সর্বোচ্চ সচেতন ছিল। তারা চাননি শেখ হাসিনাকে উন্মত্ত জনতা টুকরা টুকরা করে হত্যা করুক। মাত্র ৪৫ মিনিটের মধ্যে শেখ হাসিনাকে নিরাপদে দেশ ত্যাগ করার একটি ব্যবস্থা করে দেওয়া হয়। শেখ হাসিনা বড়াই করে বলতেন, 'শেখ হাসিনা পালায় না।' কিন্তু শেষ পর্যন্ত তাকে পালাতে হয়েছে। গণভবন থেকে একটি হেলিকপ্টারে শেখ হাসিনাকে সামরিক বিমান ঘাঁটিতে নিয়ে যাওয়া হয়। সেখান থেকে শেখ হাসিনা এবং তার বোন শেখ রেহানা একটি সি-১৩০ সামরিক পরিবহণ বিমানে দেশত্যাগ করে ভারতের রাজধানী দিল্লির নিকটবর্তী হিন্দান বিমান ঘাঁটিতে পৌঁছান। সেই থেকে শেখ হাসিনা ভারত সরকারের আনুকূল্যে ভারতেই অবস্থান করছেন। অতীতেও তিনি বেশ কবছর দিল্লিতে ভারত সরকারের আশ্রয়ে থেকেছেন। সেটা ছিল ১৯৭৫-পরবর্তী সময়। ১৯৮১ সালের মে মাসে রাষ্ট্রপতি জিয়াউর রহমানের উদারতায় দেশে ফিরে আসেন। তার হাতে তাদের ধানমণ্ডি ৩২ নম্বর রোডের বাড়িতে যেসব মূল্যবান সামগ্রী ছিল সেগুলো তুলে দেওয়া হয়। ১৯৮১-এর ৩০ মে রাষ্ট্রপতি জিয়াউর রহমান চট্টগ্রামে সামরিক অফিসারদের এক অভ্যুত্থানে নিহত হন। সাধারণ মানুষ এ ঘটনার সরলীকৃত বিশ্লেষণ হিসাবে শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তনের সঙ্গে সংশ্লিষ্ট বলে মনে করেছেন। অনেকে মনে করেন, ১৯৭৫-এর পর শেখ হাসিনা যতদিন দিল্লিতে ছিলেন, সে সময় ভারতের গোয়েন্দা সংস্থা তাকে রাজনৈতিক ও সামরিক কলাকৌশল সম্পর্কে প্রশিক্ষণ দিয়েছিল।



৮ আগস্ট ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে বাংলাদেশে একটি অন্তর্বর্তীকালীন সরকারের জন্ম হয়। এ তারিখে প্রধান উপদেষ্টা হিসাবে ড. মুহাম্মদ ইউনূস শপথ গ্রহণ করেন এবং একই সময় উপদেষ্টারাও শপথ গ্রহণ করেন। ৫ আগস্ট থেকে ৮ আগস্টে অন্তর্বর্তীকালীন সরকার গঠিত হওয়ার মধ্যবর্তী সময়ে দেশে কোনো সরকার ছিল না। এ রকম পরিস্থিতি একটি রাষ্ট্রের জন্য অত্যন্ত বিপজ্জনক। ১৯৭৫-এর নভেম্বর মাসেও বাংলাদেশ সরকারবিহীন অবস্থায় নিক্ষিপ্ত হয়েছিল। নভেম্বরের ৩ থেকে ৭ পর্যন্ত প্রকৃত প্রস্তাবে বাংলাদেশে কোনো সরকার ছিল না। প্রতিবেশী ভারত এ সুযোগে বাংলাদেশের অভ্যন্তরে হস্তক্ষেপ করতে পারত। কিন্তু তারা এ হস্তক্ষেপ করার সাহস পায়নি। এর কারণ হলো-বাংলাদেশের জনগোষ্ঠীর একটি বিপুল অংশ ভারতীয় আধিপত্যবাদ কিছুতেই বরদাশত করতে রাজি ছিল না। বহিঃশত্রুর বিরুদ্ধে বাংলাদেশের জনগণ শক্তিশালী জাতীয় ঐক্যে দৃঢ়ভাবে সংহত ছিল। এবারও জনগণের মধ্যে বিভিন্ন ধরনের রাজনৈতিক প্রবণতা থাকলেও আধিপত্যবাদের বিরুদ্ধে জনগণের সব অংশ ঐক্যবদ্ধ।

ভারতীয় পত্র-পত্রিকা ও মিডিয়ায় বাংলাদেশের সাম্প্রতিক রাজনৈতিক পরিবর্তনকে খুবই নেতিবাচকভাবে উপস্থাপন করা হচ্ছে। ভারতের রাষ্ট্রীয় নিরাপত্তা কাউন্সিলে বাংলাদেশের পরিস্থিতি নিয়ে অবিরত বিচার-বিশ্লেষণ চলছে। বাংলাদেশে বড় রাজনৈতিক দলগুলোর মধ্যে একমাত্র আওয়ামী লীগকে ভারতীয় কর্তৃপক্ষ পরম বন্ধু হিসাবে বিবেচনায় নেয়। ভারত বিভিন্ন চুক্তি ও লেনদেনের মাধ্যমে বাংলাদেশকে আষ্টেপৃষ্ঠে বেঁধে রেখেছে। খোদ শেখ হাসিনা বলেছিলেন, ভারতকে যা দিয়েছি, তার জন্য চিরকাল ভারত মনে রাখবে। ভারত-বাংলাদেশ সম্পর্ক নিয়ে এক সময়ের পররাষ্ট্রমন্ত্রী ড. একে আবদুল মোমেন বলেছিলেন, ভারত-বাংলাদেশের সম্পর্ক স্বামী-স্ত্রীর মতো। মোমেনের এ উক্তিকে কেন্দ্র করে বাংলাদেশের দেশপ্রেমিক নাগরিকরা অনেক তির্যক মন্তব্য করেছেন। ২০২৪-এর জুলাই অভ্যুত্থানের ফলে ভারত বাংলাদেশে তার অবস্থানের ভিত্তি হারিয়ে ফেলেছে। এ পরিস্থিতি সম্পর্কে ওয়াকিবহাল মহলের মন্তব্য হলো যে, রাষ্ট্রটির সঙ্গে ভারতের দীর্ঘ অভিন্ন সীমান্ত রয়েছে। সেই বাংলাদেশে ভারতীয় গোয়েন্দা সংস্থা পরাজিত হয়েছে। কিন্তু বাংলাদেশের রাজনৈতিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক আবহে ভারতের অবস্থানের মূল অনেক গভীরে প্রোথিত আছে। বাংলাদেশে ভারত এরপর ২৬ পৃষ্ঠায়



> যেহেতু জুলাই অভ্যুত্থানের অন্যতম চেতনা ছিল বাক্‌ব্যক্তির স্বাধীনতা এবং মতামত প্রকাশের স্বাধীনতা, এ রকম একটি আবহে পুলিশ ও সেনাবাহিনীর সদস্যরা কঠোরভাবে বিক্ষোভ দমনে উৎসাহিত নয়। যদি তারা অধিকতর সক্রিয়তা প্রদর্শন করে, তাহলে গণ-অভ্যুত্থানের চেতনা প্রশ্নবিদ্ধ হয়ে যাবে এবং জনগণ ভাবতে শুরু করবে এত রক্ত দিয়ে অর্জনটা কী হচ্ছে? অন্যদিকে ধারণা করা হচ্ছে, একটি বহিঃশক্তি এসব বিক্ষোভ-আন্দোলনে ইন্ধন জোগাচ্ছে এবং কোনো কোনো ঘটনায় টাকা ছিটাচ্ছে। বাংলাদেশকে বিপজ্জনক অস্থিরতার মধ্যে নিক্ষেপ করতেই বিভিন্ন ধরনের দাবি-দাওয়ার আওয়াজ তোলা হচ্ছে। বাংলাদেশের নাগরিকদের বুঝতে হবে, অশুভ শক্তি বিবিধ পন্থায় চক্রান্তের জাল ছড়িয়ে দিচ্ছে। সব পর্যায়ের নাগরিকদের দায়িত্ব হবে বিশৃঙ্খলা সৃষ্টিকারীদের প্ররোচনায় বিভ্রান্ত না হওয়া

# যে কারণে সাইবার সুরক্ষাকে গুরুত্ব দিতে হবে

ড. ইফতেখার উদ্দিন চৌধুরী

> সাইবার আইনসংক্রান্ত দেশীয়-আন্তর্জাতিক পরিমণ্ডলে সার্বিক বিষয় পর্যালোচনায় এটি স্পষ্ট যে, গণতন্ত্র ও মানবাধিকার সুরক্ষায়, বিশেষ করে মানবিক সমাজ প্রতিষ্ঠায় সাইবার সুরক্ষা আইন প্রণয়নের প্রাসঙ্গিকতা রয়েছে। কার্যকর প্রগতিশীল সমাজ উন্নয়নের বিভিন্ন অন্তরায় যেমন, গুজব-সন্ত্রাস-প্রচারণা-প্রতারণামূলক সংবাদ পরিবেশন-মিডিয়া ট্রায়াল ইত্যাদি অপরাধ থেকে সমাজকে মুক্ত রাখার জন্য এ আইন হবে একটি মাইলফলক। একই সঙ্গে অবশ্যই মনে রাখতে হবে, যাতে কোনো হীন ব্যক্তিস্বার্থে কাউকে ফাঁসানোর জন্য হয়রানিমূলক পন্থা অবলম্বন, দুর্নীতির আশ্রয়-প্রশ্রয়ে অপপ্রয়োগের মাধ্যমে এ আইনটি যেন কোনোভাবেই বিতর্কিত না হয়। সংশ্লিষ্ট কর্তৃপক্ষগুলোকে নিগূঢ় যাচাই-বাছাই, পর্যাপ্ত পর্যবেক্ষণ ও যৌক্তিক বিশ্লেষণের মাধ্যমে সাইবার নিরাপত্তা আইন প্রকৃত অর্থেই সুসংহত থাকুক, এটিই কাম্য

দেশে সাইবার নিরাপত্তাসংক্রান্ত আইনের অপব্যবহারের বিষয়টি দীর্ঘদিন ধরে সমালোচিত। বিগত সরকারের আমলে সমালোচনার মুখে ডিজিটাল নিরাপত্তা আইন বাতিল করে এর পরিবর্তে সাইবার নিরাপত্তা আইন করা হয়। তবুও এ নিয়ে ব্যাপক বিতর্ক ও সমালোচনা হয়। গণমাধ্যমসহ সুশীল সমাজ ও বিবেকবান জনগোষ্ঠীর কাছে এ আইনের নিরাপত্তাবিষয়ক সংস্কার অতি প্রয়োজনীয় মনে হয়েছে। অবশেষে এ বিষয়ে অন্তর্বর্তী সরকারের মনোযোগ আকর্ষিত হয়েছে। সিদ্ধান্ত নেওয়া হয়েছে বিতর্কিত সাইবার নিরাপত্তা আইন বাতিলের। আইনটির বিতর্কিত ধারাগুলো পরিহার করে আন্তর্জাতিক মানদণ্ড অনুসরণ করে একটি সময়োপযোগী আইন প্রণয়নের প্রয়োজনীয়তা সামনে এসেছে। যে কোনো রাষ্ট্রে আইনের শাসন প্রতিষ্ঠায় জনকল্যাণমুখী ব্যবস্থার প্রয়োজনীয়তা অনস্বীকার্য। সময়ের সঙ্গে তাল মিলিয়ে যুগোপযোগী তথ্যপ্রযুক্তির ব্যবহার প্রত্যাশিত। একইসঙ্গে এর অপব্যবহার রোধেও যথাযথ নীতিমালা আবশ্যক। কোনো অসদুদ্দেশ্যে কিংবা হয়রানির জন্য নয়, বরং বাকস্বাধীনতা ও তথ্য অধিকার নিশ্চিতে একটি মানসম্মত আইন প্রণয়নের উদ্যোগ নেওয়া প্রয়োজন।



অন্যান্য দেশ তাদের ডিজিটাল বলয়কে নিরাপদ রাখতে অনেক আগেই সাইবার সিকিউরিটি আইন পাশ করে নিজ দেশের জননিরাপত্তা নিশ্চিতে পদক্ষেপ গ্রহণ করেছে। যুক্তরাষ্ট্রসহ বিশ্বের বিভিন্ন দেশে এ ধরনের আইন বলবৎ আছে। যুক্তরাষ্ট্রেও 'সাইবার-ল-অ্যান্ড পানিশমেন্ট' নামে এই আইন পরিচিত। দেশটিতে ডিজিটাল মাধ্যমে গুজব ছড়ানোর কারণে যদি কারও মৃত্যু হয়, তাহলে সেই অপরাধের শাস্তি হচ্ছে যাবজ্জীবন সাজা, যার মেয়াদ ২০ বছর পর্যন্ত। অনলাইনে মিথ্যা তথ্য প্রতিরোধে ২০২২ সালে 'সাইবার সিকিউরিটি লজ অ্যান্ড রেগুলেশনস' নামে আইন পাশ করে ব্রিটেন সরকার। এ আইনের অধীনে ব্রিটেনে সাইবার অপরাধীদের শাস্তির আওতায় আনা হয়। ব্রিটিশ প্রভাবশালী গণমাধ্যম গার্ডিয়ানের তথ্যানুসারে, প্রতিদিন ব্রিটেনে যে সংখ্যক মানুষ গ্রেফতার হয়, তার ৯ শতাংশই হয় ডিজিটাল অপরাধের দায়ে। ২০২২ সালে চীন, ফ্রান্স, ইতালি ও রাশিয়ায় এ ধরনের আইন পাশ হয়েছে। তাছাড়া ইউরোপীয় ইউনিয়ন 'সাইবার সিকিউরিটি অ্যাক্ট' নামে একই ধরনের আরও ব্যাপকভিত্তিক আইনের খসড়া প্রস্তাব এবং অস্ট্রেলিয়াও ডিজিটাল মাধ্যম ব্যবহারের নতুন দিকনির্দেশনা তৈরির পরিকল্পনা প্রকাশ করেছে।




গণমাধ্যমে প্রকাশিত জাতিসংঘের বাণিজ্য ও উন্নয়নবিষয়ক সংস্থা ইউনাইটেড নেশন্স কনফারেন্স অন ট্রেড অ্যান্ড ডেভেলপমেন্টের (ইউএনসিটিএডি) তথ্যমতে, বিশ্বের ১৯৪টি ইউএনসিটিএডি সদস্যরাষ্ট্রের মধ্যে ১৫৬টিই সাইবার নিরাপত্তায় আইন প্রণয়ন করেছে, যার মধ্যে ইউরোপীয় ইউনিয়নভুক্ত প্রায় ৯১ শতাংশ দেশে সাইবার আইন প্রণয়ন করা হয়েছে। পিছিয়ে থাকা আফ্রিকার ৭২ শতাংশ দেশে সাইবার আইন সুরক্ষিত আছে। আমেরিকা মহাদেশের ৩৫ দেশের মধ্যে ৩০ দেশে, ইউরোপের ৪৪ দেশের মধ্যে ৪১টিতে, আফ্রিকার ৫৪ দেশের মধ্যে ৩৯টিতে, এশিয়া প্যাসিফিক অঞ্চলের ৬০টি দেশের মধ্যে ৪৬টিতে, এমনকি এলডিসিভুক্ত ৩২টি দেশেও সাইবার নিরাপত্তা আইন চালু রয়েছে। এক্ষেত্রে কোনো কোনো দেশে সাইবার আইনের যাচাই-বাছাই, খসড়া তৈরি, কার্যকরকরণের বিভিন্ন পদক্ষেপ প্রক্রিয়াধীন।

সচেতন মহলসহ দেশের জনগণ সম্যক অবগত যে, আইনশৃঙ্খলার নতুন নতুন চ্যালেঞ্জ হিসাবে প্রতিভাত ব্যক্তিগত তথ্য চুরি/হ্যাকিং, ডিজিটাল জালিয়াতি, মোবাইল ব্যাংকিংয়ের অপব্যবহার, সামাজিক যোগাযোগমাধ্যমে গুজব ছড়ানো, ধর্মীয় উগ্রবাদের বিস্তার, জাতিগত বিদ্বেষ প্রচার, গোপনীয় তথ্য পাচার, সাইবার বুলিং, কিশোর-কিশোরীদের বিভিন্নভাবে হয়রানি দমনে তৎকালীন সরকার 'ডিজিটাল নিরাপত্তা আইন-২০১৮' প্রণয়ন করে। আইনটি নিয়ে শুরু থেকেই সাংবাদিকদের বিভিন্ন সংগঠন ও মানবাধিকার সংস্থাগুলো নানামুখী সংশয়-আশঙ্কা প্রকাশ করে আসছিল। সংস্থাগুলোর ভাষ্য অনুসারে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বিপুল সম্প্রসারণের এ যুগে সাইবার নিয়ন্ত্রণে আইন-বিধিবিধানের প্রয়োজনীয়তা অনস্বীকার্য হলেও এ আইনে এমন কিছু আছে, যা বাকস্বাধীনতার জন্য হুমকিস্বরূপ। সরকারের পক্ষ থেকে আইনের কোনো অপব্যবহার না হওয়ার আশ্বাস দেওয়া সত্ত্বেও সংস্থাগুলো তাতে আশ্বস্ত হতে পারেনি। ফলে গুরুত্বপূর্ণ কিছু বিষয়কে ধারণ করে চিহ্নিত কিছু ধারা সংশোধনের দাবি উত্থাপিত হয়। এ আইন নিয়ে জাতিসংঘের অধিকারবিষয়ক সংস্থাগুলোও কিছু সুপারিশ করেছে, যার পরিপ্রেক্ষিত বিবেচনায় বিগত সরকার ডিজিটাল নিরাপত্তা আইন সংশোধন ও পরিবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করে।

সাইবার নিরাপত্তা নিশ্চিত, ডিজিটাল বা ইলেকট্রনিক মাধ্যমে সংঘটিত অপরাধ শনাক্ত-প্রতিরোধ-দমন ও এ অপরাধের বিচার এবং আনুষঙ্গিক বিষয়ে নতুন বিধান প্রণয়নের উদ্দেশ্যে ১৩ সেপ্টেম্বর ২০২৩ সংসদে 'সাইবার নিরাপত্তা বিল-২০২৩' পাশ হয়। ডিজিটাল নিরাপত্তা আইনের কার্যক্রম স্থগিত করে আনীত এ বিলে চারটি অজামিনযোগ্য ধারা রাখা হয়। নতুন প্রণয়নকৃত এ আইন নিয়েও বিভিন্ন পর্যায়ে আলোচনা- এরপর ২৬ পৃষ্ঠায়




# Basement Environmental Health & Safety

আপনার বেসমেন্ট, গ্যারেজ, অ্যাটিক বা পিছনের উঠোনকে বৈধ করতে বিনামূল্যে NYC ADU অনুদানের অর্থ ব্যবহার করুন। (PlusOneADU@hpd.nyc.gov or 311).


DANGER


**সাবধান- Do Not SLEEP in an Unhealthy Toxic Basement without a Safety Inspection**

## Serious Health Hazards in your Basement

Various Health Issues, Chronic Respiratory illness, Cancer, Kidney, liver, Brain damage, Risk of Severe Mental Health Depression, and Central Nervous System even death. (অস্বাস্থ্যকর বেসমেন্টে দীর্ঘায়িত ঘুমের জন্য দায়ী। বিভিন্ন স্বাস্থ্য সমস্যা, দীর্ঘস্থায়ী শ্বাসযন্ত্রের রোগ, ক্যান্সার, কিডনি, লিভার, মস্তিষ্কের ক্ষতি, গুরুতর স্বাস্থ্যের অবনতি এবং কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের ঝুঁকি, এমনকি মৃত্যু পর্যন্ত হতে পারে।)








Homeowners: Minimizing Liability and Preventing Legal Lawsuit (আবশ্যিক নিরাপত্তা পরিদর্শন: দায়বদ্ধতা কমানো এবং আইনি মামলা প্রতিরোধ).

- Indoor Air Quality- Lead-Based Paint Check, Radon Gas, and other Toxicity Inspections. বাড়ির মালিকদের অবশ্যই এই ধরনের পরিদর্শনের ব্যবস্থা করতে হবে এবং তাদের অবশ্যই সংশোধন করতে হবে। অস্বাস্থ্যকর বেসমেন্ট থেকে, ভাড়া আদায় নিষিদ্ধ।
- Basement Tenant: Get Help from HPD Grant Money, Move Out from an Unhealthy Toxic Basement. (বেসমেন্ট ভাড়াটিয়া: HPD অনুদানের অর্থের সাহায্য নিন, অসুস্থকর বিষাক্ত বেসমেন্ট থেকে বেরিয়ে আসুন, এবং দীর্ঘায়ু লাভ করুন।) আইনজীবী ছাড়া বেজমেন্ট ভাড়াটিয়ার উচ্ছেদ, ব্যক্তিগত তদন্তের মাধ্যমে অর্থ সংগ্রহ, এবং সম্প্রদায়ের মধ্যস্থতা।

917-618-0740 Bcsafetymediator@gmail.com


THANKS
Giving
Asef Bari (Tutul)
CEO
631-428-1901
design: ihopeprint.com, 929-538-7903
BARI
HOME CARE
YOUR HEALTH OUR CARE
BARI HOME CARE
বারী হোম কেয়ার


GOLDEN AGE HOME CARE
GOLDEN AGE
HOME CARE
THANKS
Giving
Wish You Happy
design: ihopeprint.com, 929-538-7903
Rano Nawaz
Vice President
Shah Nawaz Group
SNG
SHAH NAWAZ
GROUP
GOLDEN AGE HOME CARE
আজকাল
DMV SERVICES
SSRR Properties


বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি
সৌদি আরবের ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা
ইন্ডিয়া মাল্টিপল / মেডিকেল ভিসা
১০ বছরের কানাডিয়ান মাল্টিপল ভিসা
USA 5 YEARS MULTIPLE TOURIST VISA
VISA
দ্রুত ভিসা প্রসেস করার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন
VISA SCHENGEN
SCHENGEN TOURIST VISA
এক ভিসাতে ভ্রমণ হবে ২৭টি দেশ
BANGLA TRAVELS JACKSON HEIGHTS, NEW YORK
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
*Visa Issued by Consulate General
NEW YORK OFFICE
7305 37TH ROAD, JACKSON HEIGHTS
NY 11372. কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
PHONE : 917-396-4140, 917-592-7828
E-MAIL : digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com
DHAKA OFFICE
NAGAR SHEFALI, FLOOR # 03, HOUSE # 09
ROAD # 17, BLOCK-E, BANANI, DHAKA-1213
PHONE : +88 01711256871, +88 01711256872
E-MAIL : digitalonetravel@gmail.com
www.banglatravel.net

# Trump team eyes quick rollback of Biden student debt relief

Ajkal Desk

President-elect Donald Trump's transition advisers and outside allies have discussed ways to swiftly unwind Biden-era student loan forgiveness policies that Republicans have sharply criticized for years.

President-elect Donald Trump is poised to pull the plug on President Joe Biden's yearslong push to cancel student debt for tens of millions of people as Republicans sweep into power in the coming months.

Trump transition advisers and outside allies have been discussing ways to quickly unwind the various Biden-era initiatives that offered new or easier paths to loan forgiveness for borrowers, according to two people familiar with the discussions.




The move would be the culmination of nearly four years of attacks by GOP lawmakers and attorneys general on Biden's student debt relief policies. On the campaign trail, Trump slammed the loan forgiveness efforts — which total hundreds of billions of dollars — as "vile" and illegal. Yet his team faces a daunting challenge: A series of recent court decisions has left the federal government's $1.6 trillion student loan portfolio in disarray, with millions of borrowers stuck in limbo.

Trump has nominated Linda McMahon, the former head of the Small Business Administration, to be Education secretary. McMahon has been co-leading the presidential transition and chairs the America First Policy Institute, an outside group that's been preparing for a second term. The group has blasted Biden's loan policies as "unlawful, counterproductive, and deeply unfair."

Jonathan Pidluzny, who directs higher education issues at AFPI, is also working on student loan and education issues for the transition, according to people familiar with the discussions.

"It's going to be insanely complicated," said Michael Brickman, who was a senior Education Department official during the first Trump administration. "You really can't overstate the mess that this new administration is inheriting."

A federal judge has blocked Biden's second attempt at mass debt cancellation after the Supreme Court rejected his first plan last year. Federal appeals courts have frozen Biden's loan-repayment program that offered lower monthly payments, setting off confusion over the amount that millions of borrowers must pay. And the Trump administration will have to decide how to resume the collection of defaulted student debt that's been suspended since the beginning of the pandemic.

Brickman, now an adjunct fellow at the American Enterprise Institute, said the Biden administration's "misadventures around loan forgiveness" that were repeatedly rejected by courts have created "a really chaotic situation that's going to have to be fixed."

Dismantling Biden's most sweeping plans for erasing debt is likely to be relatively straightforward, but other programs that affect millions of borrowers will be harder to undo. The Trump administration is expected to act quickly to stop defending some of those policies in court, where they're already under legal challenge from Republican attorneys general.

